

THE INDEMNITY (REPEAL) ACT, 1996

১৯৯৬ সনের ২১ নং আইন

[১৪ নভেম্বর, ১৯৯৬]

The Indemnity Ordinance, 1975 এর রহিতকরণকল্পে প্রণীত আইন।

যেহেতু The Indemnity Ordinance, 1975 (Ordinance L of 1975) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনাম

১। এই আইন The Indemnity (Repeal) Act, 1996 নামে অভিহিত হইবে।

Ord. L of 1975
এর রহিতকরণ

২। The Indemnity Ordinance, 1975 (L of 1975, যাহা XLX of 1975 নম্বরে মুদ্রিত), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) এই আইন বলবৎ হইবার পূর্বে যে কোন সময় উক্ত Ordinance এর অধীন কৃত কোন কার্য, গৃহীত কোন ব্যবস্থা, প্রদত্ত কোন সার্টিফিকেট বা আদেশ-নির্দেশ অথবা অর্জিত কোন অধিকার বা সুযোগ-সুবিধা, অথবা সরকার বা কোন কর্তৃপক্ষের জন্য সৃষ্ট কোন দায়-দায়িত্ব, যদি থাকে, এর ক্ষেত্রে General Clauses Act, 1897 (X of 1897) এর Section 6 এর বিধানাবলী প্রযোজ্য হইবে না এবং উক্তরূপ কৃত কার্য, গৃহীত ব্যবস্থা, প্রদত্ত সার্টিফিকেট বা আদেশ-নির্দেশ বা অর্জিত অধিকার বা সুযোগ-সুবিধা বা সৃষ্ট দায়-দায়িত্ব উপ-ধারা (১) দ্বারা উক্ত Ordinance রহিতকরণের সংগে সংগে এইরূপে অকার্যকর, বাতিল ও বিলুপ্ত হইয়া যাইবে যেন উক্ত Ordinance জারী করা হয় নাই এবং উক্ত Ordinance এর কোন অস্তিত্ব ছিল না ও নাই।